



তথ্যবিবরণী

নম্বর-২৪৮

রাজশাহীতে বিএসটিআই'র অভিযান

রাজশাহী, ২৪ বৈশাখ (০৭ মে) :

আজ মঙ্গলবার (৭ মে) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর উদ্যোগে রাজশাহীর পবা উপজেলার বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানে ওজন ও পরিমাপে কারচুপি করে অকটেন কম দেওয়ায় আশরাফের মোড়ে অবস্থিত মেসার্স আসাদুল্লাহ এন্ড ব্রাদার্স ফিলিং স্টেশনকে ১০ দশ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া বিএসটিআই'র গুণগত মানসনদ গ্রহণ না করে অবৈধভাবে 'সুইটমিট (মিষ্টি) উৎপাদন, বিক্রয় ও বিতরণ করায় এবং ফার্মেন্টেড মিল্ক (দই) পণ্যের উৎপাদনের তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ সম্বলিত পণ্যের গায়ে লেবেল/স্টিকার না থাকায় খড়খড়ি মোড়ে মেসার্স বেলীফুল অভিজাত মিষ্টি বিপণী শোরুম ও মেসার্স আরাফাত মিষ্টি শোরুম প্রতিষ্ঠান দুটিকে সতর্ক করে মিষ্টির লাইসেন্স গ্রহণের ১ সপ্তাহ সময় প্রদান করা হয়। অন্যথায় পরবর্তীতে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়।

রাজশাহী পবা উপজেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) অভিজিত সরকার এর নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে উপস্থিত ছিলেন বিএসটিআই প্রকৌশলী জুনায়েদ আহমেদ ও মোঃ আবুল কায়েম।

জনস্বার্থে বিএসটিআই'র এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে বিএসটিআই'র পক্ষ থেকে জানানো হয়।

##

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৬:১০ ঘ.